একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শাখা-৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১৩.২৪.০৩৯.১৯-৪৪৬

তারিখ: ০৪ শ্রাবণ ১৪২৮ / ১৯ জুলাই ২০২১

বিষয়: 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৬তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতায় দেশব্যাপী অনলাইনে 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১ আয়োজনের কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, উক্ত প্রতিযোগিতা উপলক্ষ্যে সংযুক্ত তথ্যসমূহের বিবরণ অনুযায়ী সকল জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার এবং সকল কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি-কে এ বিষয়ে বহুল প্রচারসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী পরিচালক, চারুকলা বিভাগ, জাতীয় চিত্রশালা ভবন, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ১৪/৩ সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০, ফোন: +৮৮০২৯৫৫০৬০২, মোবাইল:+৮৮০১৮১৯৮০৬৪৬৭, ইমেইল: artcomp2021.bangabandhu@gmail.com এ পাওয়া যাবে।

০৩। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের চিত্রকর্ম ভার্চুয়াল পদ্ধতিতে প্রেরণের জন্য সকল জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা আশা করা যাচ্ছে।

০৪। এছাড়াও বিজ্ঞপ্তি ও নিবন্ধন ফরম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও এর অধীনস্থ সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট ও ফেসবুক পেজে আপলোড করার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বা:
(ড. ললিতা রানী বর্মন)
উপসচিব
ফোন : ৯৫৫৫৪৯১
Email: ds2@moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১৩.২৪.০৩৯.১৯-৪৪৬

তারিখ: ০৪ শ্রাবণ ১৪২৮ / ১৯ জুলাই ২০২১

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার (সকল)..................................।
৩। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৪। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা (সকল শিল্পকলা একাডেমিতে বিতরণের অনুরোধসহ)
৭। মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
৮। নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা।
৯। রেজিস্ট্রার অব কপিরাইট, কপিরাইট অফিস, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা ।
১০। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা।
১১। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
১২। জেলা প্রশাসক (সকল).......................................।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

Scanned with CamScanner

১৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল).......................................।
১৪। জেলা কালচারাল অফিসার (সকল).......................................।
১৫। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীরকালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা।
১৬। পরিচালক (ভারপ্রাপ্ত), ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি।
১৭। পরিচালক (ভারপ্রাপ্ত), ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
১৮। পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
১৯। পরিচালক (অ:দা:), ক্ষুদ্র নৃ-গোষ্ঠীরসাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
২০। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীরকালচারাল একাডেমি, রাজশাহী।
২১। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মণিপুরী ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার।

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ):</u>

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব (উপসচিব), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (সাংস্কৃতিক ঐতিহ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। যুগ্মসচিব (অনুষ্ঠান)-এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। যুগ্মসচিব (সাংস্কৃতিক ঐতিহ্য-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। অফিস কপি/গার্ড ফাইল।

২৬/৪/২০২২

(ড. ললিতা রানী বর্মন)
উপসচিব
ফোন : ৯৫৫৫৪৯১
Email: ds2@moca.gov.bd

Scanned with CamScanner

একই স্মরক নম্বর ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শাখা-৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৩.২৪.০৩৯.১৯ -৪৪৮

তারিখ: ০৪ শ্রাবণ ১৪২৮
১৯ জুলাই ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়: 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৬তম শাহাদাৎবার্ষিকী উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতায় দেশব্যাপী অনলাইনে 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১ অনুষ্ঠিত হতে যাচ্ছে । জাতির পিতার ৪৬তম শাহাদাৎবার্ষিকীকে সামনে রেখে বর্তমান কোভিড-১৯ মহামারীকালে ছাত্র-ছাত্রীসহ সকল শিল্পীদের উজ্জীবিত করা ও জাতির পিতার আদর্শে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে এই চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১ এ অংশগ্রহণকারীদের জন্য অনুসরণীয় বিষয়াদি নিম্নরুপ:

(১) প্রতিযোগিতার থিম/শ্লোগান: 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ'।

(২) প্রতিযোগিতা ও প্রদশনীর ধরণ: চিত্রাংকন প্রতিযোগিতা।

(৩) প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের ক্যাটাগরি: (ক) শিশু (৬-১২ বছর), (খ) কিশোর (১৩-১৮ বছর), (গ) যুব ও অন্যান্য (১৯ বছরের উর্দ্ধে)।

(৪) চিত্রকর্মের ধরণ: ড্রইং ( পেন্সিল, কলম, রং পেন্সিল, প্যাস্টেল, চারকোল প্রভৃতি )
পেইন্টিং ( জলরং, এক্রিলিক, তৈলরং, মিশ্রমাধ্যম প্রভৃতি )।

(৫) প্রতিযোগিতার বিষয়বস্তু: বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ, ১০ই জানুয়ারি বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস, বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন, বঙ্গবন্ধু ও তাঁর পরিবার, বঙ্গবন্ধু ও শোকাবহ ১৫ই আগস্ট এবং ১৭ই মার্চ: বঙ্গবন্ধু ও শিশুরা।

(৬) আবেদন অঞ্চল: সমগ্র বাংলাদেশ।

(৭) পুরস্কার:

(ক) ১ম, ২য়, ৩য় এই ৩টি ক্যাটাগরিতে মোট ০৯টি পুরস্কার, ক্রেস্ট ও সনদপত্র:

- ১ম পুরস্কার ২০,০০০/- টাকা, ১টি ক্রেস্ট ও ১টি সনদপত্র;
- ২য় পুরস্কার ১৮,০০০/- টাকা ১টি ক্রেস্ট ও ১টি সনদপত্র;
- ৩য় পুরস্কার ১৬,০০০/- টাকা, ১টি ক্রেস্ট ও ১টি সনদপত্র।

(খ) প্রতিটি প্রশাসনিক বিভাগীয় অঞ্চলে প্রতিটি বয়সভিত্তিক ক্যাটাগরিতে ০৫ (পাঁচ)টি করে মোট ১২০ (একশত বিশ) টি ১০০০/- (এক হাজার) টাকা ও ০১ (এক)টি করে সনদপত্র।

(৮) প্রতিযোগিতা ও ফলাফল ঘোষণার সময়সীমা:

- ইমেইলে চিত্রকর্মের আলোকচিত্র জমাদানের শেষ তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২১।
- ফলাফল ঘোষণার তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২১।

(৯) আবেদন সংশ্লিষ্ট ডক্যুমেন্টস: পূরণকৃত নিবন্ধন ফরম, চিত্রকর্মের আলোকচিত্র, আবেদনকারীর ১ কপি রঙ্গিন ছবি ও জন্ম নিবন্ধন সনদপত্রের কপি/জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করে artcomp2021.bangabandhu@gmail.com এই ইমেইল আইডিতে প্রেরণ করতে হবে। অংশগ্রহণ সংশ্লিষ্ট সকল ডক্যুমেন্টস এর সফট কপি অবশ্যই সর্বোচ্চ ৫ মেগাবাইটের মধ্যে হতে হবে। চিত্রকর্মের আলোকচিত্র অবশ্যই জেপিইজি (JPG/JPEG) ফরম্যাটে সিএমওয়াইকে (CMYK) কালার মোডে ন্যূনতম ১ মেগাবাইটের মধ্যে হতে হবে।

(১০) প্রতিযোগিতা সংক্রান্ত যোগাযোগ: পরিচালক, চারুকলা বিভাগ, জাতীয় চিত্রশালা ভবন, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ১৪/৩ সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০। ফোন: +৮৮০২৯৫৫০৬০২, মোবাইল: +৮৮০১৮১৯৮০৬৪৬৭। ইমেইল: artcomp2021.bangabandhu@gmail.com। এছাড়াও প্রতিযোগিতার বিজ্ঞপ্তি ও নিবন্ধন ফরম এবং প্রতিযোগিতার ফলাফল www.moca.gov.bd ও www.shilpakala.gov.bd – এই ওয়েবসাইট হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

২৬/৭/২০২১
(ড. ললিত রানী বর্মন)
উপসচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ফোন : ৯৫১৫৫১৮
ds2@moca.gov.bd

Scanned with CamScanner